# রংপুর সিটি কর্পোরেশন।

সাধারণ শাখা

www.rpcc.gov.bd

## রংপুর সিটি কর্পোরেশনের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় ঃ ০৫.০১.২০২৫ ইং, রবিবার, বিকাল ঃ ৩:৩০টা
সভার স্থান ঃ রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ।
উপস্থিতি ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"।

সভার শুরুতে সভাপতি সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে বলেন। এর পরিপ্রেক্ষিতে সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র. নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত মাসিক সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদনকরণ। | প্রধান নির্বাহী কর্মকর্তা গত মাসিক সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব থাকলে তা দৃঢ়ীকরণ করার বিষয়ে মতামত প্রদানের অনুরোধ জানান। এ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) এর প্রস্তাবের প্রেক্ষিতে গত ২৬/০৯/২০২৪ইং তারিখের মাসিক সভার আলোচ্য বিষয় নং-০৮ ও আলোচ্য বিষয় নং-১২ (ক) বিবিধ-এর উপর সংশোধনের লক্ষ্যে দৃঢ়ীকরণের বিষয়ে একমত পোষণ করেন। | গত ০৫/০১/২০২৫ইং মাসিক সভায় বিগত ২৬/০৯/২০২৪ইং তারিখের মাসিক সভার কার্যবিবরণী সংশোধন করা হলো। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| | | | আলোচ্য বিষয় নং-০৮ কার্যবিবরণীতে রংপুর সিটি কর্পোরেশনের জন্য যানবাহন ও যন্ত্রপাতি ক্রয় শীর্ষক প্রকল্পে সংগৃহিত ২০০ কেভি জেনারেটর আন্ডারগ্রাউন্ডের দক্ষিণ পশ্চিম কোনে অস্থায়ীভাবে রাখা হয়েছে। উপর্যুক্ত স্থান নির্বাচনপূর্বক স্থায়ীভাবে স্থাপন করা হবে। উক্ত জেনারেটরটি স্থাপন ও সংযোগের যাবতীয় ব্যয় নিজস্ব তহবিল হতে বহন করা হবে<br><br>আলোচ্য বিষয় নং- ১২ (ক) বিবিধ -এ ইঞ্জিনিয়ার ও আর্কিটেকচারের সঠিক তথ্য পূর্বের কার্যবিবরণীর সাথে উক্ত প্রতিষ্ঠান/ ব্যক্তির তালিকা সংরক্ষণ করা প্রয়োজন মর্মে সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদন করা হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) |
| ২ | বসতবাড়ি / বাণিজ্যিক ভবনের নীল নক্সা অনুমোদন | সভায় নগর পরিকল্পনাবিদ উপস্থাপন করেন ৬(ছয়) মাস পূর্ব থেকে প্রায় ১৮৬টি নক্সা অনুমোদনের অপেক্ষায় রয়েছে এরই প্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) বলেন ১৩২টি নক্সা চুড়ান্তভাবে প্রশাসনিকভাবে প্রশাসক মহোদয়ের স্বাক্ষরের জন্য রয়েছে এবং ২০২৪ সালে ৭২০টি নক্সা জমা হয়েছে এবং ৬১৪টি নক্সা পেন্ডিং রয়েছে, সেগুলোর তালিকা প্রস্তুত করে উপস্থাপন করতে হবে। এ বিষয়ে প্রশাসক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | বসতবাড়ির/ বানিজ্যিক ভবনের নীল নক্সসমূহের তালিকা প্রস্তুত করে উপস্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) ও নগর পরিকল্পনাবিদ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ভূমি উন্নয়ন কর পরিশোধ। | সভায় সম্পত্তি শাখার কানুনগো উপস্থাপন করেন রংপুর সিটি কর্পোরেশনের আওতাধীন যেসব ভূমি উন্নয়ন কর রয়েছে সেগুলোর ভূমিকর ১,৫০, ০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা পরিশোধ করা হয়েছে। অবশিষ্ট ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা পরিশোধের প্রস্তাব করেন। আলোচনার প্রেক্ষিতে প্রশাসক মহোদয় বকেয়া টাকা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন | ভূমি উন্নয়ন কর পরিশোধ করার জন্য ডিমান্ড লেটারসহ ফাইলে উপস্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ৪ | বাজার শাখা হতে প্রদানকৃত ইজারা সম্পর্কিত তথ্য অবগতকরণ । | সভায় প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন সিটি কর্পোরেশন আওতাধীন হাট-বাজারগুলোর দোকান ইজারাদার ইজারা নিয়েছে তারা সঠিক সময়ে ইজারার টাকা পরিশোধ করছেন না, তাদেরকে নোটিশ প্রদান করা হয়েছে এবং সার্টিফিকেট মামলা করা হয়েছে মর্মে আলোচনা করা হয়। আলোচনার প্রেক্ষিতে প্রশাসক মহোদয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | রংপুর সিটি কর্পোরেশনাধীন হাট-বাজারসমূহ আগামী ১৪৩২ বাংলা সনে ইজারার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৫ | প্রকৌশল শাখা হতে অনুমোদনকৃত নক্সার তথ্য সম্পত্তি শাখায় অবগতকরণ । | সভায় কানুনগো উপস্থাপন করেন সাধারণ শাখা হতে যতগুলো নকশা অনুমোদন করা হয় সেগুলোর অনুমোদনকৃত প্রত্যেকটি নক্সা সম্পত্তি শাখায় অবগতকরণের বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে প্রশাসক মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | রংপুর সিটি কর্পোরেশনের সাধারণ শাখা হতে অনুমোদনকৃত নক্সাগুলোর প্রত্যেকটির এককপি সম্পত্তি শাখায়জমা করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ৬ | সাধারণ শাখা কর্তৃক পুকুর ইজারা সম্পর্কিত তথ্য অবগতকরণ। | সভায় প্রশাসনিক কর্মকর্তা (চঃ দাঃ) বলেন সিটি কর্পোরেশনের আওতাধীন যতগুলো পুকুর / বিল রয়েছে সেগুলোর ইজারার অর্থ আদায় সম্পন্ন করা হচ্ছে। অবশিষ্ট কিছু বকেয়া রয়েছে, তা আদায় করতে হবে। প্রশাসক মহোদয় সকল অর্থ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | রংপুর সিটি কর্পোরেশনের যতগুলো পুকুর / বিলসমূহের ইজারার সমুদয় অর্থ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ৭ | সকল রাস্তার প্রশস্থতা প্রত্যয়ন সম্পত্তি বিভাগ হতে প্রদান। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা রাস্তার প্রশস্থতার প্রত্যয়ন গ্রহণ বিষয়ে উপস্থাপন করেন। এ বিষয়ে কানুনগো বলেন যেহেতু সম্পত্তি শাখা হতে রাস্তা ও জমির সীমানা নির্ধারণ করা হয় সেহেতু সম্পত্তি শাখা হতে সকল রাস্তার প্রশস্থতার প্রত্যয়ন প্রদানের প্রস্তাব করেন। প্রশাসক মহোদয় প্রকৌশল বিভাগ হতে রাস্তার সকল প্রত্যয়ন প্রদানের নির্দেশনা প্রদান করেন। | সভায় প্রশাসক মহোদয় বলেন ইমারত নির্মাণের ক্ষেত্রে সার্ভেয়ার রাস্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করলে প্রকৌশল বিভাগ হতে রাস্তার প্রশস্থতা প্রত্যয়ন প্রদান করবেন এবং অননুমোদিত নক্সাগুলোর তালিকা প্রস্তুত করে উপস্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) |
| ৮ | কয়েকটি যানবাহন ও যন্ত্রাংশ পরিবর্তন, মেরামত ও Periodic Maintenances কাজকরণ ও অনুমোদন। | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) উপস্থাপন করেন কয়েকটি যানবাহনের যন্ত্রাংশ পরিবর্তন, মেরামত ও Periodic Maintenance-কাজ করা হয়, সেগুলো ভাউচারের মাধ্যমে অনুমোদন নেয়া প্রয়োজন। সেপ্রেক্ষিতে প্রশাসক মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | সভায় যানবাহনের যন্ত্রাংশ পরিবর্তন, মেরামত ও Periodic Maintenance-কাজগুলো ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার মধ্যে মেরামত সম্ভব হলে কর্তৃপক্ষকে মৌখিকভাবে অবগত করে বাস্তবায়নপূর্বক ভাউচার বিল নথিতে অনুমোদন করে নিতে হবে। | নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি, নতুন প্রকল্প গ্রহণ ও প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত। | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) রংপুর সিটি কর্পোরেশনে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন। সেপ্রেক্ষিতে বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বলেন মশক নিধনের জন্য ৪২,০০,০০০/- (বিয়াল্লিশ লক্ষ) টাকার টেন্ডার করা প্রয়োজন। ইতোমধ্যে ৫(পাঁচ) লক্ষ টাকার ঔষধ কোটেশনের মাধ্যমে ক্রয় করা হয়েছে। বর্তমানে মশক নিধন ওষুধ ক্রয় অত্যাবশ্যক হয়ে পড়েছে। প্রশাসক মহোদয় কোটেশনের মাধ্যমে সংশ্লিষ্ট শাখাকে ওষুধ ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। তাছাড়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী নিম্নলিখিত নতুন স্কীমসমূহ বাস্তবায়নের নিমিত্তে সভায় উপস্থাপন করেন। | ১। কোটেশনের মাধ্যমে ওষুধ ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। সংশ্লিষ্ট শাখা |
| | | কেরানীর হাট সাবেক ইউনিয়ন পরিষদ ভবনের পিছনে পুকুর পাড়ের ড্রেনের শেষাংশ নির্মাণ, ওয়ার্ড নং-১১, টাকা- ৪৯০৮৬৬.০০ | ২। নতুন স্কীমসমূহ অনুমোদন প্রদত্ত করা হলো এবং আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো। | ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) |
| | | পশ্চিম রাজেন্দ্রপুর শালমারা শ্মশানের বাউন্ডারী ওয়াল নির্মাণ,ওয়ার্ড- ১১, টাকা - ৪৯৯৯৮০.০০ | | |
| | | গোপীনাথপুর রুহুলের রাইচ মিলের পাশে রোড ক্রসিং নির্মাণ,ওয়ার্ড-১২, টাকা- ৬৭৩৯২৯.০০ | | |
| | | ক) মেডিকেল মোড়ের পার্শ্বে ডাস্টবিন মেরামত, খ) আরএমসি শপিং কমপ্লেক্স এর সম্মুখে ডাষ্টবিন নির্মাণ, ওয়ার্ড -১৬, টাকা= ৫৭৭৭৭৩.০০ | | |
| | | সার্কিট হাউজের সামনে রোড ক্রসিং নির্মাণ, ওয়ার্ড -১৬, টাকা = ৪১২৯৭৯.০০ | | |
| | | পিটি আই রোড সংলগ্ন দক্ষিণ পার্শ্বে মুল ড্রেনের সাথে ক্রস ড্রেন নির্মাণ, ওয়ার্ড- ১৭, টাকা= ১৮৩৫৯৫.০০ | | |
| | | খলিফাপাড়া সবুজবাগ ডাস্টবিনের পার্শ্বে রোড ক্রসিং নির্মাণ (দুই ড্রেনের সংযোগ) ওয়ার্ড -১৭, টাকা= ২০৬৭৮৫.০০ | | |
| | | ক্যান্টনমেন্ট বাইপাস রোডের পার্শ্বে ড্রেনের উপর স্লাব মেরামত, টাকা- ২৯০১৬.০০ | | |
| | | মুন্সিপাড়া তসলিম উদ্দিন সড়কের মুক্তিযোদ্ধা জনাব শামসুল হকের বাড়ী হতে জনাব মকবুল হোসেনের বাড়ী পর্যন্ত ড্রেনের উপর স্লাব পুনঃনির্মাণ, ওয়ার্ড-১৮, টাকা= ২৮৭০৩৯.০০ | | |
| | | চিকলী পার্কের বিভিন্ন জায়গায় দর্শনার্থীদের বিশুদ্ধ পানি সরবরাহসহ গেইট, ব্রিজ ও ফোঁওয়ার ইত্যাদি মেরামত ও রংকরণ কাজ ওয়ার্ড-১৯, টাকা = ৪০০৪৩৩.০০ | | |
| | | রংপুর সিটি কর্পোরেশনের অভ্যন্তরে সাইকেল গ্যারেজ দক্ষিণ দিকে বর্ধিতকরণসহ রংপুর সিটি কর্পোরেশনের প্রবেশদ্বারে ব্যাংকের এটিএম বুথ নির্মাণ, ওয়ার্ড-২৩, টাকা-১৮৯১৯০.০০ | | |
| | | সিটি বাজারের পুরাতন সাইকেল গ্যারেজের স্থানে আরসিসি ডাস্টবিন নির্মাণ, ওয়াড-২৩ টাকা -৪৫৫৯২৯.৫০ | | |
| | | টিবি ক্লিনিকের সামনে আরসিসি প্যালাসাইডিং নির্মাণ, ওয়ার্ড-২৬, টাকা- ৯৫৬৮৫.০০ | | |
| | | মৃত্তিকা ভবন থেকে লালবাগ পর্যন্ত পাইপ ড্রেন নির্মাণ, ওয়ার্ড- ২৮, টাকা-৭৪৭৮৭১.০০ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ডিমলা গ্যারেজ সেডের গেট নির্মাণ | | |
| | | তেলীপাড়া রোডে পুকুরের প্যালাসাইডিং ও মাটি ভরাট করণ | | |
| | | তালুক তামপাট দোলাপাড়া আসাদের বাড়ীর সামনে রাস্তার ধারে পুকুরের পাড়ে প্যালাসাইডিং নির্মাণ | | |
| | | কাইদাহারা রাস্তায় মাটি ভরাট ও প্যালাসাইডিং নির্মাণ | | |
| | | পাওটানা রোডে দুইটি ব্রীজের গাইড পোষ্ট নির্মাণ | | |
| | বিবিধ ঃ<br>ক) কম্বল ক্রয় প্রসঙ্গে আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন শীতের প্রকোপ বেশী হওয়ায় দুঃস্থ ও গরীবদের মাঝে শীতবস্ত্র বিতরণের লক্ষ্যে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে কম্বল ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় কম্বল ক্রয়ের করার নির্দেশনা প্রদান করেন। | পিপিআর- ২০০৮ অনুযায়ী সিটি কর্পোরেশনের রাজস্ব তহবিল হতে কম্বল ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| | খ) পিকনিক আয়োজন | সভায় কর্মচারী ঐক্য পরিষদের সভাপতি উপস্থাপন করেন সিটি কর্পোরেশনের আয়োজনে আগামী ২৫/০১/২০২৫ইং তারিখ চিকলী পার্কে পিকনিক করার আয়োজন করা হবে। তিনি পিকনিক অনুষ্ঠানের জন্য আর্থিক সহায়তা প্রয়োজন বলে জানান। | রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত পিকনিকে আর্থিক সহায়তা প্রদানের আবেদন নথিতে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রঃহিঃর কর্মকর্তা (চঃদাঃ) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

২২/৪
২১

# রংপুর সিটি কর্পোরেশন।

সাধারণ শাখা

www.rpcc.gov.bd

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০২.২৫-৭৬০ | তারিখ ঃ ১৩ মাঘ ২০৩১ বঙ্গাব্দ / ২৭ জানুয়ারী ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৪। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৬। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৭। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রংপুর সিটি কর্পোরেশন।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
৯। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১০। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রংপুর সিটি কর্পোরেশন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। নির্বাহী প্রকৌশলী, অঞ্চল. . . . . . রংপুর সিটি কর্পোরেশন।
১২। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদা), রংপুর সিটি কর্পোরেশন।
১৪। সহকারী প্রকৌশলী (অঃ দাঃ), পানি সরবরাহ শাখা, রংপুর সিটি কর্পোরেশন।
১৫। বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১৬। প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১৭। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১৮। ..............................................................রংপুর সিটি কর্পোরেশন।
১৯। শাখা প্রধান (সকল) রংপুর সিটি কর্পোরেশন।
২০। অফিস নথি।

২৭/০১/২৫

উম্মে ফাতিমা
পরিচিতি নং- ১৬৬৭৮
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.

২৭/১/২৫